কোটচাঁদপুরে দরবেশ মাস্টার ফান্ডেশনের শিক্ষা বৃত্তি প্রদান

ঝিনাইদহের কোটচাঁদপুর বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের গরীব মেধাবি শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তি দিয়েছেন,দরবেশ মাস্টার স্কলারশিপ ফান্ডেশন। আজ বৃহস্পতিবার দুপুরে এ বৃত্তি দেয়া হয় শিক্ষার্থীদের।

জানা যায়, প্রতি বছরের ন্যায় ঝিনাইদহের কোটচাঁদপুর বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের গরীব মেধাবি শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তি দিয়েছেন,দরবেশ মাস্টার স্কলারশিপ ফান্ডেশন।

এ বছর বিদ্যালয়ের ১৯ জন শিক্ষার্থীর মধ্যে বৃত্তি প্রদান করেন ফাউন্ডেশন। বৃত্তি প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহাক আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য মোমেন আল আরাফাত।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য মঈন উদ্দিন খান, সাইফুর রহমান ও মফিজুল ইসলাম। এ ছাড়াও উপস্থিত ছিলেন শিক্ষক শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক এস, এম হুমায়ুন কবির।

ঝিনাইদহে শিশু ধর্ষণ চেষ্টা মামলার পলাতক আসামী গ্রেপ্তার

ঝিনাইদহে চাঞ্চল্যকর চার বছরের শিশু ধর্ষণ চেষ্টা মামলার আসামি মোঃ সাহেব আলী (৫০) কে গ্রেপ্তার করেছে র্যাব।

আজ বৃহস্পতিবার র্যাব-৬, ঝিনাইদহ ক্যাম্পের একটি চৌকস আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে যে, শিশু ধর্ষণ মামলার পলাতক আসামী ঝিনাইদহ জেলার সদর থানার পোড়াহাটি বাজার এলাকায় আত্মগোপন করে আছে। এমন সংবাদের ভিত্তিতে আভিযানিক দলটি রাত সাড়ে ১২টার দিকে উক্ত বাজার এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে মামলার প্রধান পলাতক আসামী মোঃ সাহেব আলী (৫০)কে গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃত আসামী প্রাথমিক জিজ্ঞাসাবাদে উক্ত ঘটনার সাথে তার সম্পৃক্ততার কথা স্বীকার করেন।

উল্লেখ, গত ২১ জুন ২০২৩ ইং তারিখ শিশুটি বাড়ীর পাশে খেলা করা অবস্থায় মিষ্টি খেতে দেওয়ার কথা বলে আসামী নিজের ফাঁকা বসত বাড়ীতে ডেকে নেয়। পরবর্তীতে বিভিন্ন প্রলোভন ও ভয়ভীতি দেখিয়ে নিজ বসত ঘরের মধ্যে নিয়ে শিশু ভিকটিমকে ধর্ষণের চেষ্টা করে। অতপর ভিকটিমের ডাক চিৎকারে আশেপাশের লোকজন এগিয়ে এলে ধৃত আসামী দরজা খুলে পালিয়ে যায়।

বিষয়টি নিয়ে শিশুটির পিতা বাদী হয়ে ঝিনাইদহ সদর থানায় একটি ধর্ষণ মামলা দায়ের করে। ঘটনাটি জানতে পেরে র্যাব-৬ ঝিনাইদহ ক্যাম্পের একটি আভিযানিক দল ছায়া তদন্ত শুরু করে এবং ধর্ষককারীকে গ্রেপ্তারের লক্ষ্যে অভিযান অব্যাহত রাখে।

গ্রেপ্তারকৃত আসামীকে ঝিনাইদহ জেলার সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

ঝিনাইদহে বাইসাইকেল ও সেলাই মেশিন বিতরণ

বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২২-২৩ এর আওতায় ঝিনাইদহ সদর উপজেলা প্রশাসনের আয়োজনে গরীব-মেধাবী শিক্ষার্থদের বাইসাইকেল,গরিব অসহায় নারীদের মাঝে সেলাই মেশিন, ফটোকপিয়ার, বেঞ্চ, খেলাধুলার সামগ্রীসহ নানা উপকরণ বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয় ।

আজ বৃহস্পতিবার দুপুরে সদর উপজেলা চত্বরে এ উপকরণ বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান এডভোকেট আব্দুর রশিদ, সহকারী কমিশনার (ভুমি) শারমিন আক্তার সুমি, ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল, মহিলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত।

অনুষ্ঠান শেষে মেধাবী শিক্ষার্থীদের মাঝে ৪১ বাইসাইকেল, নারীদের মাঝে ৪১ সেলাই মেশিন, প্রতিবন্ধী ১০ জনের হুইলচেয়ার, ৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে ফটোকপি মেশিন, ১০ টি স্প্রে মেশিন, ৪৪ জোড়া বেঞ্চসহ স্কুল ব্যাগ, খেলার সামগ্রী বিতরণ করা হয়।

ঝিনাইদহ সদর হাসপাতাল থেকে দালাল চক্র আটক, ১মাসের কারাদন্ড

ঝিনাইদহ সদর হাসপাতাল থেকে নারীসহ ৯ দালালকে আটক করেছে ডিবি পুলিশ। পরে ভ্রাম্যমাণ আদালতে প্রত্যেককে কারাদন্ড দেওয়া হয়।

আজ বুধবার সকাল থেকে দুপুর পর্যন্ত ডিবি পুলিশ ও জেলা প্রশাসন এ অভিযান পরিচালনা করেন।

জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম জানান, দীর্ঘদিন ধরে সদর হাসপাতালে দালালচক্র সাধারণ রোগীদের সাথে প্রতারণা করে বাইরের ক্লিনিক ও প্রাইভেট হাসপাতালে নিয়ে যাচ্ছিলো। এমন সংবাদ জানতে পেরে জেলা প্রশাসকের নির্দেশনা মোতাবেক আজ বুধবার সকালে ডিবি পুলিশ ও জেলা প্রশাসন যৌথ অভিযান পরিচালনা করে ৫ জন নারী ও ৪ জন পুরুষ দালালকে আটক করে।

পরে জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট এস.এম নুরুন্নবী ভ্রাম্যমাণ আদালত বসিয়ে প্রত্যেককে ১ মাসের

বিনাশ্রম কারাদন্ড, নারীদের ১০০ টাকা ও পুরুষদের ২০০ টাকা করে জরিমানা করেন।

ঝিনাইদহে বিজিবি’র অভিযানে উদ্ধার হওয়া ৮ কোটি টাকার মাদকদ্রব্য ধ্বংস

ঝিনাইদহের মহেশপুর ও চুয়াডাঙ্গা সীমান্তসহ বিভিন্ন স্থান থেকে উদ্ধার হওয়ায় প্রায় ৮ কোটি টাকা মুল্যের মাদকদ্রব্য ধ্বংস করেছে ৫৮ বিজিবি।

আজ বুধবার (২১জুন) সকালে খালিশপুর ৫৮ বিজিবির হেডকোয়ার্টারে এ মাদক ধ্বংস করা হয়।

অনুষ্ঠানে বিজিবি’র কুষ্টিয়া সেক্টর কমান্ডার কর্ণেল এমারাত হোসেন, ৫৮ বিজিবির অধিনায়ক মাসুদ পারভেজ, মহেশপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজবংশীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সেসময় ২০২১ সালের ১৩ মার্চ হতে চলতি বছরের ২১ জুন আটককৃত বিভিন্ন প্রকার দেশি-বিদেশি মদ ধ্বংস করা হয়। যার মধ্যে ভারতীয় ফেনসিডিল, সিরাপ, দেশি-বিদেশি মদ, ইয়াবা, গাজা ও হেরোইন ধ্বংস করা হয়। ধ্বংসকৃত মাদকদ্রব্যের আনুমানিক মূল্য ৮ কোটি ১০ লাখ ৫ হাজার ৯৫৮ টাকা বলে জানিয়েছে মহেশপুর ৫৮ বিজিবি।

হরিণাকুণ্ডতে বজ্রপাতে দুইটি গরুসহ এক কৃষকের মৃত্যু

ঝিনাইদহের হরিণাকুণ্ডতে বজ্রপাতে দুইটি গরুসহ একজন কৃষকের নিহতের ঘটনা ঘটেছে।

আজ বুধবার বিকাল ৩ টার দিকে উপজেলার পারদখলপুর গ্রামের গোয়ালবাড়ি মাঠে বজ্রপাতে এই ঘটনা ঘটে।

নিহত গোলাপ মুন্সী (৬০) একই গ্রামের মৃত ইলাহী মুন্সীর ছেলে। একই ঘটনায় পার্শ্ববর্তি পার্বতীপুর গ্রামের আল মামুন নামের অপর এক কৃষক গুরুতর আহত হয়ে হরিণাকুণ্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়েছেন। বজ্রপাতে কৃষকের দুইটি গাভী গরুর মৃত্যু হয়েছে, যার আনুমানিক বাজার মুল্য দেড় লক্ষ টাকা।

স্থানীয়রা জানান, প্রতিদিনে ন্যাঢ নিহত গোলাপ মুন্সী দুপুরে গ্রামের মাঠে গরুর ঘাষ খাওয়াতে যান, এসময় হঠাৎ বজ্রপাতের ফলে দুইটি গ্রভিগরুসহ তার মৃত্যু হয়।

হরিণাকুণ্ডর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা আবু আজিফ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন হঠাৎ বজ্রপাতের ফলে ওই কৃষক এবং দুটি গাভি গরুর মৃত্যু হয়েছে। এব্যাপারে থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে বলেও তিনি জানান।

কোটচাঁদপুর কৃষি জমি থেকে মাটি কেটে বিক্রির অভিযোগ ;এক লাখ টাকা জরিমানা

কৃষি জমি থেকে মাটি কেটে বিক্রির অভিযোগে তোয়াক্কেল হোসেন কে এক লাখ টাকা জরিমানা করেছেন সহকারী কমিশনার (ভুমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্টেট নিরুপমা রায়। গতকাল মঙ্গলবার কোটচাঁদপুরের

মুরুটিয়ার ঘোষের মাঠে এ জরিমানা করেন তিনি।

কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) ইউনুচ আলী বলেন, কোটচাঁদপুরের বলুহর ইউনিয়ন পরিষদের মুরুটিয়া গ্রামের ঘোষের মাঠ থেকে কৃষি জমি থেকে মাটি কেটে বিক্রি করছিল তোয়াক্কেল হোসেন। এমন খবর পেয়ে ওই স্থানে ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন, সহকারী কমিশনার (ভুমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্টেট নিরুপমা রায়।

এদিকে অভিযানের খবরে ভেকু ফেলে পালিয়ে যান ভেকু ড্রাইভার, হেলফার আর ট্র্যাক্টর ড্রাইভাররা। পরে তিনি ভেকুর ব্যাটারি জব্দ করেন। ভেকুটি জিম্মায় দিয়ে আসেন ওই ওয়ার্ডের ইউপি সদস্য ফারুক হোসেনের।

এ সময় উপস্থিত ছিলেন,বলুহর ভূমি অফিসের নায়েব হারুন অর রশিদ।

কোটচাঁদপুরের পল্লীতে বর্জ্যপাতে এক যুবকের মৃত

বর্জ্যপাতে সাজিদ উদ্দিন (৪৭) নামে এক যুবকের মৃত হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুরের দয়ারামপুর গ্রামে। সে ওই গ্রামের সাবেক চেয়ারম্যান কাবিল উদ্দিন বিশ্বাসের ছেলে।

পারিবারিক সুত্রে জানা যায়, গতকাল মঙ্গলবার দুপুরে সাজিদ উদ্দিন দয়ারামপুর মাঠে কাজ করছিল। এ সময় বর্জ্যপাতের ঘটনা ঘটে। এতে করে সে গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন।

এ সময় কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক সুমন ঘোষ,তাকে দেখে মৃত ঘোষণা করেন। তিনি বলেন, বর্জ্যপাত ঘটে, সে ঘটনাস্থলে মারা যান। স্বাস্থ্য কমপ্লেক্সে আমরা তাকে মৃত অবস্থায় পেয়েছি।

সাজিদ উদ্দিন কোটচাঁদপুর উপজেলার দয়ারামপুর গ্রামের সাবেক চেয়ারম্যান কাবিল উদ্দিন বিশ্বাসের ছেলে।

এ দিকে তাঁর মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে,কান্নার রোল পড়ে স্বাস্থ্য কমপ্লেক্স চত্বরে। ভারি হয়ে ওঠে বাতাস। খবর পেয়ে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) ইদ্রিস আলী স্বাস্থ্য কমপ্লেক্সে আসেন। মৃত দেহের সুরতহাল হাল করে,মৃত দেহটি স্বজনদের কাছে হস্তান্তর করেন। তিনি বলেন,এটা তো অপমৃত্যু। থানায় একটি অপমৃত্যুর মামলা হবে।

কোটচাঁদপুরের ২৪ বছরের সাজাপ্রাপ্ত আসামী রেজাউল দামুড়হুদা থানায় আটক

২৪ বছরের সাজপ্রাপ্ত আসামী কোটচাঁদপুরের রেজাউল ইসলাম (পাঠান) দামুড়হুদা থানায় আটক। রবিবার সকালে কোটচাঁদপুর থানা পুলিশে হস্তান্তর করেন তারা।

জানা যায়, কোটচাদপুর পৌর এলাকার আদর্শপাড়ার মৃত মোমিন পাঠানের ছেলে রেজাউল ইসলাম পাঠান। সে ২৪ বছরের কারাদণ্ড প্রাপ্ত মামলার আসামি। পালিয়ে জীবন যাপন করছিল।

রবিবার রাতে সে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার টহল পুলিশের হাতে আটক হন। খবরটি নিশ্চিত করেছেন ওই থানার পুলিশ পরিদর্শক (ওসি) মোঃ সাইফুল ইসলাম।

তিনি বলেন, গত রাতে থানার উপপরিদর্শক (এসআই) শেখর চন্দ্র ও সালাহউদ্দিন সড়কে টহল দিচ্ছিল। এ সময় মটর সাইকেলে দেখতে পান তাদেরকে। তারা তাদেরকে গতিরোধ করে জিজ্ঞাসাবাদ করায় তার পরিচয় জানতে পারেন। খোঁজ পান তাঁর নামে থাকা মামলার। এ সময় হাতে হাতকড়া পরিয়ে রেজাউলকে থানায় আনা হয়। খবর পেয়ে রবিবার সকালে কোটচাঁদপুর থানা পুলিশ তাকে হেফাজতে নেন। পরে তাকে কোটচাঁদপুর থানার একটি ওয়ারেন্টের মামলায় আদালতে সোপর্দ করেন।

বিষয়টি নিশ্চিত করেছেন কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক

(এসআই) গৌরাঙ্গ হরি। তিনি বলেন,আমাদের থানার ওয়ারেন্ট ভূক্ত আসামি রেজাউল ইসলাম (পাঠান)। সে ওই এলাকায় থাকছিল। আমরা খোজ দেয়ার পর দামুড়হুদা থানা পুলিশ তাকে আটক করেন। পরে আমরা হেফাজতে নিয়ে আদালত পাঠিয়ে দিয়েছি।

কোটচাঁদপুরে সাংবাদিক নাদিমের হত্যাকারীদের বিচারের দাবিতে মানববন্ধন

জামালপুরের বকস্গিঞ্জের বাংলা নিউজ ও ৭১ টেলিভিশনের সাংবাদিক গোলাম রব্বানী নাদিম এর হত্যাকারীদের বিচারের দাবিতে মানববন্ধন করেছেন কোটচাঁদপুরের সাংবাদিক সমাজ। রবিবার সকাল ১০ টায় স্থানীয় বাজার চত্বরে এ মানববন্ধন করা হয়।

জানা যায়,সম্প্রতি জামালপুরের বকস্গিঞ্জের বাংলা নিউজ ও ৭১ টেলিভিশনের সাংবাদিক গোলাম রব্বানী নাদিম কে দূবৃত্তরা হত্যা করেছেন।

ওই ঘটনার পর সারাদেশের সাংবাদিক সমাজ প্রতিবাদের ঝড় তুলেছেন,সামাজিক যোগাযোগ মাধ্যমে, টেলিভিশন, অনলাইন ও পত্রিকায়।

এর ধারাবাহিকতায় কোটচাঁদপুরের সাংবাদিক সমাজ রবিবার সকাল ১০ টায় স্থানীয় বাজার পায়রা চত্বরে মানববন্ধন করেন। ঘন্টা ব্যাপী চলে এ মানববন্ধন। এ সময় সাংবাদিকরা তুলে ধরেন,সারাদেশের সাংবাদিক হত্যা ও নির্যাতনের ইতিহাস। বলেন,এ পর্যন্ত যতগুলো সাংবাদিক এ ধরনের ঘটনার শিকার হয়েছে, তাদের পরিববার কেই বিচার পাননি।

সাংবাদিকরা বলেন,এর আগে যারা হত্যা ও নির্যাতনের শিকার হয়েছেন,তাদের প্রত্যেকের বিচারের দাবী জানানো হয়েছে মানববন্ধন থেকে। তারা আরো বলেন,আগের সব সাংবাদিকদের ন্যায় নাদিম হত্যার বিচারও যেন বিলম্বিত না হয়,সেদিকে খেয়াল রাখার অনুরোধ করা হয়।

মানববন্ধনে বক্তব্য রাখেন,কোটচাঁদপুরের সিনিয়র সাংবাদিক ও ভোরের কাগজের সাংবাদিক কামাল হাওলাদার, কোটচাঁদপুর রিপোটার্স ক্লাবের সভাপতি ও সংবাদের প্রতিনিধি অশোক দে,দৈনিক স্পন্দের আলমগীর কবির, দিগন্ত বানী সম্পাদক শাহ জামান,মানবজমিন প্রতিনিধি নজরুল ইসলাম, আমার সংবাদ প্রতিনিধি মইন উদ্দিন খান, আজকের পত্রিকা প্রতিনিধি সুব্রত কুমার, আলোকিত বাংলাদেশ প্রতিনিধি এস এম রায়হান উদ্দিন,বীর জনতা ও গড়ব বাংলাদেশ প্রতিনিধি আব্দুল্লাহ বাশার, অগ্রযাত্রা প্রতিনিধি রমজান আলী, সোহেল চৌধরী, আবুল হাসান, আকিমুল ইসলাম সাজু,রোকনুজ্জামান,শামিম হোসেন, সোহাগ, শান্তি প্রমুখ।